


সিডনীতে ইকবাল বাহার চৌধুরীর সংবর্ধনা

গত ৪০ বছর ধরে ভয়েস অব অমেরিকার বাংলা বিভাগের প্রধান জনাব ইকবাল বাহার চৌধুরী সম্প্রতি পারিবারিক সফরে সিডনী এসেছিলেন। গত ২৩শে এপ্রিল সন্ধ্যায় বাংলা একাডেমী অস্ট্রেলিয়া, বাংলাদেশ ফোরাম ফর কমিউনিটি এনগেজমেন্ট, ঢাকা ইউনিভার্সিটি এলুমনাই এসোসিয়েশন এবং প্রতীতি'র যৌথ উদ্যোগে ক্যাসেল হিলে ডাঃ আয়াজ চৌধুরীর বাসভবনে তার সম্মানে একটি সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে জনাব চৌধুরী উপস্থিত অতিথিদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং তাদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।



এক অতিথির প্রশ্নের জবাবে জনাব ইকবাল বাহার চৌধুরী বিদেশে বসে দেশীয় রাজনীতি করার বিপক্ষে মত প্রকাশ করেন। তিনি বলেন যারা রাজনীতি করতে চান তাদের উচিত এ দেশের রাজনীতিতে অংশগ্রহন করা, এতে কমিউনিটি উপকৃত হবে।

বিদেশে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন সম্পর্কে তিনি বলেন, আমাদের উচিত এসব অনুষ্ঠানে বিভিন্ন দেশের মানুষকে অন্তর্ভুক্ত করা। এতে দিবসটির আন্তর্জাতিক আবেদন বৃদ্ধি পাবে।

